# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 24 June, 2025

সাবেক প্রেমিকা লায়লা আক্তারের করা ধর্ষণ মামলায় টিকটকার আব্দুল্লাহ আল মামুন ওরফে প্রিন্স মামুনের বিরুদ্ধে অভিযোগ গঠন করেছেন ট্রাইব্যুনাল।আজ মঙ্গলবার ঢাকার ৭ নম্বর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সাবেরা সুলতানা খানম এ আসামির অব্যাহতির আবেদন নাকচ করে অভিযোগ গঠনের এই আদেশ দেন।

প্রিন্স মামুনের পক্ষে আইনজীবী মাজেদুর রহমান অব্যাহতি চেয়ে শুনানি করেন।বাদীপক্ষে আইনজীবী সরকার সাব্বির হোসেন (ফয়সাল) অভিযোগ গঠনের পক্ষে শুনানি করেন।

উভয়পক্ষের শুনানি শেষে প্রিন্স মামুনের কাছে বিচারক অভিযোগ পড়ে শুনিয়ে জানতে চান, তিনি দোষী না নির্দোষ।জবাব তিনি নিজেকে নির্দোষ দাবি করে ন্যায়বিচার প্রার্থনা করেন।এরপর আদালত তার বিরুদ্ধে অভিযোগ গঠনের আদেশ দেন।

গত বছরের ৯ জুন প্রিন্স মামুনের বিরুদ্ধে রাজধানীর ক্যান্টনমেন্ট থানায় মামলা করেন তার সাবেক প্রেমিকা লায়লা আক্তার।গত বছরের ২৬ সেপ্টেম্বর মামলার তদন্ত কর্মকর্তা ক্যান্টনমেন্ট থানার এসআই মুহাম্মদ শাহজাহান প্রিন্স মামুনকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট দাখিল করেন।

মামলার অভিযোগ থেকে জানা যায়, আসামি আব্দুল্লাহ আল মামুন ওরফে প্রিন্স মামুনের সঙ্গে লায়লার তিন বছর আগে ফেসবুকের মাধ্যমে পরিচয় হয়।পরিচয়ের একপর্যায়ে মামুন তাকে বিয়ে করবে এমন প্রলোভন দেখিয়ে তার সঙ্গে প্রেমের সম্পর্ক স্থাপন করে।পরে মামুন তাকে জানায়, তার ঢাকায় থাকার মত নিজস্ব কোনো বাসা নেই।যেহেতু প্রেমের সম্পর্ক সৃষ্টি হয় এবং মামুন তাকে বিয়ে করবে বলে জানায়, তাই লায়লা তাকে নিজের বাসায় থাকার অনুমতি দেন।

২০২২ সালের ৭ জানুয়ারি মামুন তার মাকে সঙ্গে নিয়ে লায়লার বাসায় এসে বসবাস করতে থাকেন।ওইদিন থেকে মামুন তার সঙ্গে একই কক্ষে থাকতে শুরু করে। বিয়ের প্রলোভন দেখিয়ে একাধিকবার শারীরিক সর্ম্পক করেন। মামুন তার বাসায় থাকাকালে তার বাবা-মা মাঝেমধ্যেই সেখানে এসে অবস্থান করতেন।

মামুনকে একাধিকবার বিয়ের বিষয় বললে সে বিভিন্ন অজুহাতে সময়ক্ষেপণ করতে থাকে। সর্বশেষ চলতি বছরের ১৪ মার্চ মামুন আবার তাকে ধর্ষণ করে।পরবর্তী সময়ে তাকে বিয়ের বিষয়ে বললে সে ক্ষিপ্ত হয়ে ওঠেন।সেই সঙ্গে তাকে বিভিন্ন অশ্লীল ভাষায় গালিগালাজ করে।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:16

URL: https://www.timestodaybd.com/public/entertainment/8352923653